



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৬/আএভআ/১০৫৬

তারিখ: ০৫/০৯/২০২৩

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব গাজী নাজমুল হুদা-কে স্বপদে পূর্নবহাল প্রসঙ্গে।

- সূত্র : (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ০১/০২/২০২৩ তারিখের আবেদন।  
(২) বোর্ডের বিদ্যালয় উপ-পরিদর্শক জনাব আব্দুর রহমান শিকদার ও সেকশন অফিসার জনাব এস এম জাকারিয়া আহম্মদ-এর ১৩/০৭/২০২৩ তারিখের তদন্ত প্রতিবেদন।  
(৩) বোর্ডের ১৬/০৭/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।  
(৪) ১৬/০৭/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ২১/০৮/২০২৩ তারিখের ২২৮ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব গাজী নাজমুল হুদা-এর চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগসমূহ বিস্তারিত আলোচনা, তথ্য উপাত্ত বিশ্লেষণ করে তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে ১৬/০৭/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি প্রমাণিত না হওয়ায় তাঁকে অভিযোগ থেকে অব্যাহতি ও স্বপদে পূর্নবহালের জন্য সুপারিশ করা হয় এবং ২১/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত ২২৮ তম বোর্ড সভায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব গাজী নাজমুল হুদা-কে স্বপদে পূর্নবহাল করার বিষয়টি অনুমোদন লাভ করে।

এমতাবস্থায়, পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব গাজী নাজমুল হুদা-কে স্বপদে পূর্নবহাল করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩

প্রাপক: সভাপতি, ম্যানেজিং কমিটি

মার্চেন্ট ওয়ার্কারস (এম ডব্লিউ) উচ্চ বিদ্যালয়

আদমজীনগর, সিদ্ধিরগঞ্জ

নারায়ণগঞ্জ।

মেমো নং- ১০৫৬ (১১)

তারিখ: ০৫/০৯/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
- ৬। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), মার্চেন্ট ওয়ার্কারস (এম ডব্লিউ) উচ্চ বিদ্যালয়, আদমজীনগর, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৭। জনাব গাজী নাজমুল হুদা, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), মার্চেন্ট ওয়ার্কারস (এম ডব্লিউ) উচ্চ বিদ্যালয়, আদমজীনগর, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৮। ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক।
- ৯। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

  
সচিব ০৫/০৯/২৩

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

  
০৫/০৯/২৩